**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 24-07-2025** **Desk in Charge: SDG**
**Time: 7.50 PM** **Compiling : Sudip B.**
**DEO : KB** **NR : Sudip B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্যের বিভিন্ন জেলায় তুমুল ঝড়বৃষ্টিতে বজ্রপাতের ফলে অন্ততঃ ১৫' জনের মৃত্যুর খবর পাওয়া গেছে।

২/ দিল্লির পাতিয়ালা হাউস কোর্ট, বসন্তকুঞ্জের 'জয় হিন্দ' কলোনিতে উচ্ছেদ অভিযানের উপর স্থগিতাদেশ জারি করেছে।

# বাংলা ভাষাভাষী শ্রমিকদের ওপর নির্যাতনের অভিযোগ তুলে, সরব মুখ্যমন্ত্রী।

৩/ রাজ্য সরকার শ্রমিক উন্নয়নে উদাসীন বলে কেন্দ্র জানিয়েছে।

৪/ OBC সংরক্ষণে রাজ্যের নতুন তালিকার উপর 'স্থগিতাদেশ'-এর সময়সীমা আরো একমাস বাড়িয়েছে কলকাতা হাইকোর্ট।

৫/ সেপ্টেম্বরের ৭ ও ১৪ তারিখ SSC-র শিক্ষক নিয়োগ পরীক্ষা হবে।

৬/ আজ মহানায়ক উত্তম কুমারের ৪৬-তম মৃত্যু বার্ষিকী। এই উপলক্ষ্যে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

************************************************************************

রাজ্যের বিভিন্ন জেলায় ঝড়বৃষ্টির মধ্যেই বজ্রপাতে অন্ততঃ **১৫’জনের** মৃত্যুর খবর পাওয়া গেছে।

**বাঁকুড়া** জেলার বিভিন্ন প্রান্তে বাজ পড়ে অন্ততঃ **আট জনের মৃত্যু** হয়েছে।

**ওন্দায় চার** জন, কোতুলপুর, ইন্দাস, পাত্রশায়র এবং জয়পুর থানা এলাকায় বজ্রপাতে একজন করে **জন** প্রাণ হারিয়েছেন।

এদিকে, **পূর্ব বর্ধমানে** বাজ পড়ে **পাঁচ জনের মৃত্যু** হয়েছে। আহত চার। জেলার **মাধবডিহিতে** আজ দুপুরে বজ্রাঘাতে এক প্রৌঢ়ের মৃত্যু হয়েছে। **সনাতন** পাত্র নামে বছর ষাটের ওই ব্যক্তি মাঠে কাজ করার সময় বজ্রপাতে আহত হন। স্থানীয় স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। পাশাপাশি **আউশগ্রামে** বজ্রাঘাতে **সঞ্জয়** হেমব্রম নামে এক যুবকের মৃত্যু হয়েছে। তিনিও জমিতে কাজ করছিলেন বলে জানা গেছে। এছাড়াও ভেদিয়ায় **রবিন টুডু** নামে এক যুবক ধান রোয়ার সময় বজ্রাঘাতে প্রাণ হারান। **মঙ্গলকোটের** চানক কৃষ্ণপুরে **বুড়ো মাড্ডি** নামে এক কৃষকের মৃত্যু হয়।

জেলার **ভাতারের** ভূমসোর মাঠে পৃথক ঘটনায় চারজন বজ্রপাতে **আহত** হয়েছেন।

**পুরুলিয়ার ঝালদার** গুরিডি গ্রামে মাঠে কাজ করার সময় বজ্রপাতে **সুমিত্রা মাহাতো** নামে **এক মহিলার** মৃত্যু হয়েছে।

**পশ্চিম মেদিনীপুরের** চন্দ্রকোণা থানার লাহিরগঞ্জ গ্রামে **লক্ষীকান্ত** পান নামে এক ব্যক্তির বজ্রাঘাতে মৃত্যু হয়েছে। তিনিও জমিতে কাজ করছিলেন।

*************************

উত্তর বঙ্গোপসাগরে আজ একটি নিম্নচাপ অঞ্চল তৈরি হয়েছে। আগামী ২৪ ঘন্টায় তা’ সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়ে ক্রমশ পশ্চিম, উত্তর-পশ্চিমে অগ্রসর হবে বলে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায়।

এর ফলে আগামী চারদিন দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় মাঝারি থেকে ভারী এবং কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

( বাইট- সৌরিশ )

*************************

দিল্লির পাতিয়ালা হাউস কোর্ট বসন্তকুঞ্জের জয় হিন্দ কলোনিতে উচ্ছেদ অভিযানের উপর স্থগিতাদেশ জারি করায় তৃণমূল কংগ্রেস সন্তোষ প্রকাশ করেছে।

আদালতের এই রায়কে বিজেপির বাঙালি বিরোধী নীতির বিরুদ্ধে ঐতিহাসিক জয় বলে দলের তরফে দাবি করা হয়েছে। আদালতের রায় ঘোষণার পর দলের তরফে এক বিবৃতিতে দাবি করা হয়েছে যে, বিজেপি সরকার রাজধানী থেকে বাঙালিদের উৎখাত করতে চেয়েছিল। সেই অপচেষ্টার জবাব দিয়েছে আদালত।

*************************

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি হরিয়ানা ও রাজস্থানে বাংলা ভাষাভাষী শ্রমিকদের উপর চরম নির্যাতনের অভিযোগ তুলে সরব হয়েছেন।

এক্স হ্যান্ডেলে কেন্দ্র ও বিজেপি-শাসিত রাজ্য সরকার গুলির বিরুদ্ধে ভাষা সন্ত্রাসের অভিযোগ তুলে তিনি বলেন, হরিয়ানার গুরুগ্রাম-সহ নানা জায়গায় বাংলা ভাষাভাষী শ্রমিকদের পুলিশ ধরে নিয়ে যাচ্ছে। পরিচয় যাচাইয়ের নামে তাঁদের আটক করে পরে সেই তথ্য পাঠানো হচ্ছে পশ্চিমবঙ্গ পুলিশকে। শুধু হরিয়ানা নয়, রাজস্থান-সহ আরও কয়েকটি রাজ্য থেকে বৈধ পরিচয়পত্র থাকা সত্ত্বেও পশ্চিমবঙ্গের নাগরিকদের জোর করে বাংলাদেশে পাঠিয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে বলে তাঁর অভিযোগ।

এর আগে ধনধান্যে প্রেক্ষাগৃহে একটি অনুষ্ঠানে যোগ দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, বাংলা ভাষার অপমান তাঁর একার নয়, তা' সকল রাজ্যবাসীর।

( বাইট- মমতা )

তৃণমূল কংগ্রেস ভুয়ো ভোটারের মাধ্যমে আবার ক্ষমতায় আসার স্বপ্ন দেখলে তারা ভুল করবে বলে মন্তব্য করেছেন রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য।

( বাইট- শমীক )

দিল্লির বাঙালী পরিযায়ী শ্রমিকরা দুরবস্থার মধ্যে আছেন বলেমন্তব্য করেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

( বাইট- অধীর )

************************

ওড়িশায় বাংলার পরিযায়ী শ্রমিকদের হেনস্থা ও তাঁদের আটক করার অভিযোগ তুলে আজ প্রদেশ কংগ্রেস যুব শাখা, কলকাতার উৎকল ভবনের সামনে বিক্ষোভ দেখিয়েছে।

কর্মসূচীতে সামিল হন দলের প্রবীণ নেতা প্রাক্তন সাংসদ প্রদীপ ভট্টাচার্য।

এর ফলে ওয়েলিংটন স্কোয়ারে বেশ কিছুক্ষণ যানজটের সৃষ্টি হয়।

***********************

রাজ্য সরকার, শ্রমিক উন্নয়নে উদাসীন বলে কেন্দ্রীয় শ্রম মন্ত্রক জানিয়েছে।

সংসদে রাজ্যসভার সাংসদ তথা রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্যের প্রশ্নের উত্তরে মন্ত্রক জানিয়েছে যে, দেশের ৩২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল ইতমধ্যেই নতুন শ্রম সংহিতা বাস্তবায়নের পদক্ষেপ নিয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার এবিষয়ে এখনও পর্যন্ত খসড়া বিধিও প্রকাশ করেনি। এই শ্রম সংহিতার মূল উদ্দেশ্য হলো শ্রমিকদের অধিকার রক্ষা, সময়মতো মজুরি প্রদান, সামাজিক নিরাপত্তা, কর্মক্ষেত্রে সুরক্ষা এবং ভালো কাজের পরিবেশ নিশ্চিত করা।

************************

'বিশেষ নীবিড় সংশোধনী'- SIR নিয়ে চলতি বিতর্কের আবহে নির্বাচন কমিশন, ভোটার তালিকা সংশোধন-পরিমার্জনের সঙ্গে যুক্ত আধিকারিকদের ভাতা বৃদ্ধির কথা ঘোষণা করেছে। নতুন এক নির্দেশিকায় বুথ লেভেল অফিসার BLO-দের ভাতা দ্বিগুণ করার কথা ঘোষণা করা হয়েছে। আগে BLO-দের বার্ষিক ভাতা ছিল ৬ হাজার টাকা, তা বাড়িয়ে করা হয়েছে ১২ হাজার টাকা। যাঁরা সুপারভাইজার হিসেবে নিযুক্ত হবেন, তাঁরা আগের ৯ হাজার টাকার বদলে এখন থেকে ১৮ হাজার টাকা বার্ষিক ভাতা পাবেন। সেই সঙ্গে স্পেশাল রিভিশন বা কমিশনের নির্দেশিত বিশেষ কোনও কর্মসূচিতে নিযুক্ত BLO-দের জন্য বরাদ্দ হয়েছে অতিরিক্ত ২ হাজার টাকার বিশেষ ভাতা। সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের উদ্দেশে পাঠানো চিঠিতে কমিশন

জানিয়েছে, ২০১৫ সালের পুরনো নির্দেশিকাকে বাতিল করে এই নতুন ভাতা কাঠামো চালু করা হচ্ছে।

************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ২৭ তারিখ আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৪-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে এমাসের ২৫ তারিখ পর্যন্ত মতামত জানানো যাবে।

************************

OBC সংরক্ষণে রাজ্যের নতুন তালিকার উপর স্থগিতাদেশের সময়সীমা আরো একমাস বাড়িয়েছে কলকাতা হাইকোর্ট। ৩১শে জুলাই থেকে বাড়িয়ে এই সময়সীমা ৩১শে অগাস্ট পর্যন্ত করা হয়েছে। ৬ই অগাস্ট ফের শুনানি হবে এই মামলার। কলকাতা হাইকোর্টের বিচারপতি তপব্রত চক্রবর্তী ও বিচারপতি রাজাশেখর মান্থার ডিভিশন বেঞ্চের স্থগিতাদেশের নির্দেশের বিরুদ্ধে রাজ্য সুপ্রিমকোর্টে আবেদন জানিয়েছে। সেই মামলার আগামী সোমবার শীর্ষ আদালতে শুনানি হবে। সেই কারণে আজ রাজ্যের তরফে কলকাতা হাইকোর্টে মামলার শুনানির জন্য সময় চাওয়া হয়। বিচারপতি তপব্রত চক্রবর্তীর ডিভিশন বেঞ্চ রাজ্যের আর্জি মঞ্জুর করেছেন।

উল্লেখ্য কলকাতা হাইকোর্ট গত ১৭ই জুন তাদের নির্দেশে জানিয়েছিল ২০১০ সালের আগে যে ৬৬ টি সম্প্রদায় ওবিসি সংরক্ষণের তালিকাতে ছিল তাদেরকে বহাল রেখে ২০১২ সালের আইন অনুযায়ী রাজ্যকে তালিকা তৈরি করতে হবে।

************************

সেপ্টেম্বরের ৭ ও ১৪ তারিখ SSC-র শিক্ষক নিয়োগ পরীক্ষা হবে। ৭ই সেপ্টেম্বর নবম-দশম এবং ১৪ তারিখ একাদশ-দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগ পরীক্ষা হবে। পরীক্ষার ফল প্রকাশিত হবে অক্টোবর মাসের চতুর্থ সপ্তাহে। ইন্টারভিউয়ের সম্ভাব্য সময় নভেম্বর মাসের প্রথম থেকে তৃতীয় সপ্তাহ পর্যন্ত। প্যানেল প্রকাশিত হবে ২৪ শে নভেম্বর। কাউন্সেলিং শুরু হবে ২৯ শে নভেম্বর থেকে। নবম-দশমে ২৩ হাজার ২১২ এবং একাদশ-দ্বাদশে ১২ হাজার ৫১৪ শূন্যপদে শিক্ষক নিয়োগ করা হবে।

***********************

মহানায়ক উত্তম কুমারের ৪৬ তম প্রয়াণ দিবসে নানা অনুষ্ঠানের মাধ্যমে তাকে শ্রদ্ধা জানানো হচ্ছে। সকালে টালিগঞ্জে উত্তম কুমার মূর্তির পাদদেশে শ্রদ্ধা জ্ঞাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চলচ্চিত্র ও সঙ্গীত জগতের বিশিষ্টদের সঙ্গে কলাকুশলী ও সাধারণ মানুষ।

রাজ্য সরকারের উদ্যোগে মূল অনুষ্ঠানটি হয় ধনধান্য প্রেক্ষাগৃহে।

একটি প্রতিবেদন- (ক্যাপসুল- অভিজিত )

************************************************************